

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
ক্রয় ও সংগ্রহ অধিশাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং- ৪৫.১৬৫.০২৬.০১.০১.০০২.২০১৬-৩০৮

তারিখ: ১৮-১১-২০১৯ খ্রি:

বিষয়: “স্বাস্থ্য সেবা বিভাগ এর অধীন HPNSP’র আওতায় কমিউনিক্যাবল ডিজি জ কন্ট্রোল (সিডিসি) অপারেশনাল প্ল্যানের অনুকূলে চলতি ২০১৯-২০২০ অর্থ বছরে আরপিএ (জিওবি) খাতের প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস) এর আওতায় গাড়ী ক্রয়ের প্রশাসনিক অনুমোদন


সূত্র: অর্থ বিভাগের স্মারক নং-০৭.১০৪.০১৪.২৭১১.০১৬.২০১৭-৬৩, তাং-১১ নভেম্বর, ২০১৯খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রে অর্থ বিভাগের সম্মতি প্রেক্ষিতে লাইন ডাইরেক্টর, কমিউনিক্যাবল ডিজি জ কন্ট্রোল (সিডিসি) কর্তৃক উক্ত ওপির ২০১৯-২০২০ অর্থবছরে অপারেশনাল প্লানে গাড়ীর সংস্থান ও বরাদ্দ থাকা সাপেক্ষে ১টি জীপ, ১টি ভ্যান, ১টি মাইক্রোবাস ও ১টি Cross Country Vehicle গাড়ী ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগের যানবাহন ক্রয়ের দর সংক্রান্ত প্রতিনিটি জীপ গাড়ী ৫৬.৮৭ লক্ষ টাকা, ভ্যান ২৮.০০ লক্ষ টাকা, মাইক্রোবাস ৪৩.০০ লক্ষ টাকা এবং Cross Country Vehicle ৪৮.০০ লক্ষ টাকা মূল্যসীমার মধ্যে রেজিস্ট্রেশন ফি এবং ট্যাক্স ও ভ্যাটসহ) ০৭.১৫৬.০২৬.০০.০১.২০০৪ (অংশ-১)-৫২৫ তারিখ ১৩-১১-২০১৭ খ্রি: অনুসারে যানবাহন ক্রয়ে নিয়ন্ত্রিত শর্তে নির্দেশক্রমে স্বাস্থ্য সেবা বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তাবলী:

- (ক) যানবাহন ক্রয়ের ক্ষেত্রে The Public Procurement Act-2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ সকল আর্থিক বিধিবিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (খ) অর্থ বিভাগের নির্ধারিত দরের মধ্যে যানবাহন ক্রয় করতে হবে, অতিরিক্ত বরাদ্দ দাবী করা যাবে না;
- (গ) যানবাহন ক্রয়ের পর অর্থ বিভাগকে অবহিত করতে হবে;
- (ঘ) বরাদ্দকৃত বাজেটের মধ্য যানবাহন ক্রয় করতে হবে;
- (ঙ) অর্থ ব্যয়ের ক্ষেত্রে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
- (চ) অব্যয়িত অর্থ ৩০ জুন ২০২০ তারিখের মধ্যে সরকারি কোষাগারে জমা/সমর্পণ করতে হবে; এবং
- (ছ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৮ জানুয়ারী ২০০৬ তারিখের সম(পরি)-স্থায়ী কমিটি/৪৪/২০০৫(অংশ-১)-৭২১ নং স্মারক অনুযায়ী প্রকল্প সমাপ্তির পর যানবাহন সরকারি পরিবহন পুলে জমাকরণ অথবা প্রয়োজনে টিওএন্ডইডুস্ত্রকরণের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সংযুক্ত: বর্ণনামতে

  
(হাসান মাহমুদ)  
উপসচিব  
ফোনঃ ৯৫৪০৬৪৫

লাইন ডাইরেক্টর  
কমিউনিক্যাবল ডিজি জ কন্ট্রোল (সিডিসি)  
স্বাস্থ্য অধিদপ্তর  
মহাখালী, ঢাকা।

অনুলিপি:

- ১। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২।  সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
ক্রয় ও সংগ্রহ অধিশাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং- ৪৫.১৬৫.০০৭.০৩.০০.০০৫.২০১৬-৩২১

তারিখ: ২৭-১১-২০১৯ খ্রি:

বিষয়: বিষয়টি হচ্ছে, জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর) সম্প্রসারণ শীর্ষক প্রকল্পের ২০১৯-২০২০ অর্থবছরে  
Computer Software (Automation) সংগ্রহের বাৎসরিক ক্রয় পরিকল্পনা/প্রকিউরমেন্ট প্ল্যান অনুমোদন

সূত্র: স্মারক নং-নিটোর সম্প্রসারণ প্রকল্প/অটোমেশন ক্রয়/২০১৯-২০/১৬৫, তাং-১২-১১-২০১৯ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের প্রেক্ষিতে প্রকল্প পরিচালক, জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর) সম্প্রসারণ শীর্ষক প্রকল্প এর প্রস্তাব মোতাবেক উক্ত প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থবছরে জিওবি (উন্নয়ন) খাতে Computer Software (Automation) ক্রয়/ সংগ্রহের লক্ষ্যে ১টি প্যাকেজের বিপরীতে ১০০০.০০ লক্ষ (দশ কোটি) টাকা প্রাক্কলিত মূল্যের বার্ষিক ক্রয় পরিকল্পনা/প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস)-এ নিম্নবর্ণিত শর্তে অনুমোদনে স্বাস্থ্য সেবা বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তাবলী:

- (ক) এ অর্থ ব্যয়ে পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ ও আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ এবং বিদ্যমান সকল আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (খ) বর্ণিত প্যাকেজের আইটেমসমূহ উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) অনুসরণে ক্রয়ের ব্যবস্থা গ্রহণে করতে হবে;
- (গ) আইটেমসমূহের বাজারদর নির্ধারণের ক্ষেত্রে প্রচলিত বাজারদর (Prevailing Market Price) যাচাই পূর্বক পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ এর আলোকে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে;
- (ঘ) কোনক্রমেই অনুমোদিত/বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত ব্যয় করা যাবে না;
- (ঙ) ক্রয় প্রক্রিয়ায় কোন অনিয়ম সংঘটিত হলে ক্রয়কারী দায়ী থাকবেন।

(হাসান মাহমুদ)  
উপসচিব  
ফোনঃ ৯৫৪০৬৪৫

প্রকল্প পরিচালক  
জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর)  
সম্প্রসারণ শীর্ষক প্রকল্প, শেরে বাংলা নগর, ঢাকা।

অনুলিপি:

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৪।  সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।